# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার
প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ২২/০১/২০২৫ খ্রি.
সময় : বিকাল : ৩-০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ১৯/১১/২০২৪ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:-

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-**<br><br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ইজিবাইক এর নম্বর প্লেট প্রদান বিষয়ে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত লাইসেন্স পারিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন, পৌরসভার অভ্যন্তরে চলাচলকারী ইজিবাইকের নম্বর প্রদানের জন্য স্টিকার ছাপানো ও ইজবাইক অনুমতি বহি তৈরী করার কাজ চলমান রয়েছে। সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন ট্রেড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে পৌর এলাকার মধ্যে অবস্থিত সকল ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স এর আওতায় আনা প্রয়োজন। এছাড়া ব্যবসায়ীগণের চলমান জরিপ কাজ প্রসঙ্গে জানতে চাইলে সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন জরিপের কাজ প্রায় শেষ পর্যায়ে আছে অল্প কিছুদিনের মধ্যেই সমস্ত ব্যবসায়ীগণের ডাটা সংগ্রহের কাজ সমাপ্ত হবে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার ডাটাবেজ তৈরীর কাজ সমাপ্ত হওয়ার পর দ্রুত সময়ের মধ্যে তাদেরকে ট্রেড লাইসেন্স প্রদানের জন্য দিক নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য লাইসেন্স পারিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশকে নির্দেশনা দেওয়া হয়। | চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে চলাচলকারী সকল ইজিবাইকের নম্বর প্লেট ও সকল ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভার কবরী রোডটি যাতায়াতের অযোগ্য হওয়ায় সংস্কার করার জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন, পরবর্তিতে কোন প্রকল্প আসলে তার মাধ্যমে উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থিত মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, পৌর এলাকার মধ্যে ফুটপথ, রাস্তা ও ড্রেন দখল করে যে সকল ব্যক্তি ব্যবসা করছে তাদের বিরুদ্ধে টিম গঠনপূর্বক অভিযান করার জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন, উপরোক্ত কাজের গুনগত মান বজায় রেখে সিডিউল মোতাবেক কাজগুলি দ্রুত | কাজের গুনগত মান বজায় রেখে সিডিউল মোতাবেক কাজগুলি দ্রুত বাস্তবায়ন করা এবং<br>পৌর এলাকায় রাস্তার উভয় পাশের ফুটপথ, রাস্তা ও ড্রেন দখলমুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বাস্তবায়ন করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নক্সা অনুমোদনের জরিপ ফি বাবদ ৫০০/- টাকার পরিবর্তে ১,০০০/-টাকা নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান ডিসেম্বর,২০২৪ নক্সা অনুমোদন হয়েছে ৫০টি ও দাখিল হয়েছে ২৩টি। | | |
| ০৪ | <u>পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-</u><br><br>সভায় উপস্থিত জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য চুয়াডাঙ্গা, পৌরসভার ডিসেম্বর'২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম জানান যে, ডিসেম্বর'২৪ মাসের মোট পানি শাখার আয় ১৯,০৯,১১৩.০০ টাকা ও ব্যয় ১৮,৯৩,৬৫৪.০০ টাকা এবং রাজস্ব খাতের আয় ৮৪,৪২,১৫৩.০০ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ৮১,৭৪,৩৭০.০০ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | <u>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-</u><br><br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম সভায় জানান যে, ডিসেম্বর/২৪ মাসে আদায় হয়েছে ২৩,৭৩,২৯৯/- মাত্র। অর্ন্তবর্তীকালীন ১২টি নতুন হোল্ডিং কর ধার্য্য করা হয়েছে। টাকার পরিমাণ= ১০,০৫০/-টাকা। সভায় উপস্থিত এসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন যে, চুয়াডাঙ্গা পৌরসভার ০৫নং ওয়ার্ডে অবস্থিত ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটির ২০২১-২২ অর্থবছর হতে নিজস্ব ক্যাম্পাসে পরিচালিত হয়ে আসছে। যাহার পৌরকর এখনও নির্ধারণ করা হয়নি, যাহা নির্ধারণ করা প্রয়োজন। সভায় উপস্থিত পৌর পরিষদের সহায়ক সদস্যগণ এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ পৌরকর আদায়ের অগ্রগতির জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক আদায়কারীকে বকেয়া কর আদায়ের জন্য দিক নির্দেশনা দেয়া সহ এলাকা ভিত্তিক বকেয়া পৌরকর আদায়ের জন্য টিম গঠন পূর্বক আদায়ের ব্যবস্থা গ্রহনের জন্য প্রস্তাব করেন। | পৌরকর আদায়ের অগ্রগতির জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক আদায়কারীকে বকেয়া কর আদায়ের জন্য দিক নির্দেশনা দেয়া সহ এলাকা ভিত্তিক বকেয়া পৌরকর আদায়ের জন্য টিম গঠন পূর্বক আদায়ের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর |
| ০৬ | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির আওতায় (PRAP) বাস্তবায়নের লক্ষ্যে (<u>২০২৩-২০২৮) ০৫ বছরের কর্মপরিকল্পনা সর্ম্পকে আলোচনা:</u><br><br>দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ে আলোচনাকালে সমাজ উনয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান জানান, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্পের নির্দেশনা অনুযায়ী (২০২৩-২০২৮) অর্থ বছরের জন্য ৬৮,৫১,৭৮৩/-(আটষট্টি লক্ষ একান্ন হাজার সাতশত তিরাশি) টাকার কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। | ২০২৩-২০২৮ অর্থ বছরের জন্য ৬৮,৫১,৭৮৩/-(আটষট্টি লক্ষ একান্ন হাজার সাতশত তিরাশি) টাকার কর্মপরিকল্পনা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় | সমাজ উন্নয়ন কর্মকর্তা |
| ০৭ | <u>স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-</u><br><br>সভায় উপস্থিত মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান যে, ডিসেম্বর'২৪ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৬৪৫টি পুরুষ=৩২২ ও মহিলা=৩২৩ এবং মৃত্যু নিবন্ধন হয়েছে ৩০টি পুরুষ=১৯ ও মহিলা=১১। জন্ম নিবন্ধন শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালনের জন্য দিক নির্দেশনা দেন। | জন্ম নিবন্ধন শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৮ | <u>ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা:-</u><br><br>ক) সভায় উপস্থিত চুয়াডাঙ্গা পৌরসভার সম্মানিত প্রশাসক জনাব শারমিন আক্তার চুয়াডাঙ্গা পৌর এলাকায় কতটি ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টার আছে তা জানতে চান। এগুলোর ক্রাইটেরিয়া তৈরী করার ক্ষেত্রে স্থাপনার আয়তন ও আর্থিক সংগতি অনুযায়ী নির্ধারণ করার জন্য সেনেটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহানকে নির্দেশনা দিলে তিনি বলেন মোট ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টার আছে ৪৮টি। তার মধ্যে বড় ১২টি, মাঝারী ০৮টি, ছোট ২৫টি এবং বিশেষ শ্রেণীর ০৩টি। জানুয়ারী/২৫ মাসে ৩টি অভিযোগ পাওয়া যায় ১টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে বাকী ২টি চলমান আছে। পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিপত্র বাবদ ফিস আদায়ের জন্য নির্ধারিত ফিসের ৪টি ক্যাটাগরি | চুয়াডাঙ্গা পৌর এলাকায় স্থাপনার আয়তন ও আর্থিক সংগতি অনুযায়ী প্রত্যয়নপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | নির্ধারণ করা হয়। সেক্ষেত্রে শুধুমাত্র ডায়াগষ্টিক সেন্টার ছোট, ক্লিনিক মাঝারী এবং ডায়াগষ্টিক সেন্টার ও ক্লিনিক উভয় মিলে বড়, স্থাপনার আয়তন ও আর্থিক সংগতি অনুযায়ী তার উপর ভিত্তি করে ৪টি প্রতিষ্ঠানকে বিশেষ ক্যাটাগরিতে চিহ্নিত করা হয়। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জানান পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) ডিসেম্বর-২০২৪ ইং মাসে গরু জবেহ করা হয় ২৬৪টি, ছাগল ১৫০১টি। | | |
| | <u>খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনাঃ-</u><br><br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন ডিসেম্বর/২০২৪ মাসে কাজের বিবরন অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-২৩৭, পেন্টা-১, ২১৮, পেন্টা-২, ২৯৪টি, পেন্টা-৩, ২৭২টি, পোলিও-১, ২৩৭টি, পোলিও-২, ২১৮টি, পোলিও-৩, ২৯৪টি, পিসিভি-১, ২১৮টি, পিসিভি-২, ২৯৪টি, পিসিভি-৩, ২৭২টি, এম আর-১, ২৯৩টি, এম আর-২, ২৯৫টি, আইপিভি-১, ২১৮টি, আইপিভি-২, ২৭২টি, টিডি- ১, ১০৬টি, টিডি-২, ১৪৩টি, টিডি-৩, ১২৪টি, টিডি-৪, ১৩২টি, টিডি-৫, ১৭৫টি প্রদান করেন। আলোচনায় টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের পাশাপাশি টিকা কেন্দ্রে আগত অভিভাবকগণকে ৪৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে শিশুর জন্য নিবন্ধন নিশ্চিত করার পরামর্শ প্রদানের জন্য টিকাদান সুপারভাইজারকে পুনরায় নির্দেশনা প্রদান করেন। | টিকা কেন্দ্রে আগত অভিভাবকগণকে ৪৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার পরামর্শ প্রদানের জন্য টিকাদান সুপারভাইজারকে পুনরায় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | <u>গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনাঃ</u><br><br>সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন, প্রত্যেক ওয়ার্ড ভিত্তিক উঠান বৈঠক করার মাধ্যমে নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার জন্য জনগণকে সচেতন করতে হবে মর্মে প্রস্তাব করেন। সভায় উপস্থিত কমিটির অপর সদস্য জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা তিনি ওয়ার্ড ভিত্তিক নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌরসভার কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমানকে একটি নির্দিষ্ট সিডিউল অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য নির্দেশনা দেন। পরিশেষে সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদের মতামতের ভিত্তিতে সমগ্র পৌর এলাকার ময়লা আবর্জনা দ্রুত সময়ের মধ্যে পরিস্কার করার জন্য কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশনা দেওয়া হয়। | সমগ্র পৌর এলাকার ময়লা আবর্জনা দ্রুত সময়ের মধ্যে পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সী পরিদর্শক |
| ০৯ | <u>পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনাঃ</u><br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে ডিসেম্বর/২৪ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ০৯টা, পুনঃ সংযোগ ০১টা, ডায়া উন্নয়ন ০১টা, নাম পরিবর্তন ০০টা, স্থান পরিবর্তন-০০ টা, ডায়া কর্তন-০৫টা, ২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী = ২,৮৬,৬১,৬৩৭/-টাকা। ডিসেম্বর'২০২৪ পর্যন্ত মোট আদায় =১,৩২,৭৬,৬৬৩/-টাকা, বকেয়া দাবী=৪৯,৭৪,৪২৩/-টাকা, ডিসেম্বর'২০২৪ পর্যন্ত বকেয়াসহ আদায়= ২৫,৫০,৩১২/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫২৮৬ টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৮১৭ (কর্তন ১১৫১) মোট মটর গ্রাহক সংখ্যা ১১৭৪ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পুনরায় বকেয়া পানির বিল আদায়ের স্বার্থে নিয়মিত অভিযান পরিচালনার জন্য নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করা সহ পুনরায় বকেয়া পানির বিল আদায়ের স্বার্থে নিয়মিত অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| ১০ | <u>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির আওতায় (GESIAP) বাস্তবায়নের লক্ষ্যে (২০২৩-২০২৮) ০৫ বছরের কর্মপরিকল্পনা সর্ম্পকে আলোচনাঃ-</u><br><br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (GESIAP) বিষয়ে আলোচনাকালে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন সভায় জানান, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্পের নির্দেশনা অনুযায়ী (২০২৩-২০২৮) অর্থ বছরের জন্য ৬৮,৫১,৭৮৩/-(আটষট্টি লক্ষ একান্ন হাজার সাতশত তিরাশি) টাকার কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। | ২০২৩-২০২৮ অর্থ বছরের জন্য ৬৮,৫১,৭৮৩/- (আটষট্টি লক্ষ একান্ন হাজার সাতশত তিরাশি) টাকার কর্মপরিকল্পনা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় | টিকাদান সুপাভাইজার |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১১ | বিবিধঃ-<br>ক) ২০২৪-২৫ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি আর) কর্মসূচীর আওতায় পৌরসভা ওয়ারী ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া প্রসঙ্গে আলোচনা:-<br><br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা (ত্রান ও পুনর্বাসন শাখা) স্মারক নং-৫১.০১.১৮০০.০০০.১৪.০০৮.২৪.২৫, তারিখঃ ১৯ জানুয়ারী'২০২৫খ্রি. অনুযায়ী ২০২৪-২৫ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি আর) কর্মসূচীর আওতায় পৌরসভা ওয়ারী ১ম ও ২য় কিস্তির বরাদ্দ বাবদ ৪৬,০৬,৬৮১.৫১ (ছেচল্লিশ লক্ষ ছয় হাজার ছয়শত একাশি টাকা একান্ন পয়সা) মাত্র পাওয়া গিয়াছে। এ কর্মসূচীর নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধিবিধান ও টি আর কর্মসূচীর বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।<br><br>খ) বড় বাজার পৌর দোকান বরাদ্দ দেওয়া প্রসঙ্গে আলোচনা:-<br>সভায় উপস্থিত চুয়াডাঙ্গা পৌরসভার প্রশাসক জনাব শারমিন আক্তার বড় বাজারে অবস্থিত ৫০১টি দোকানের চুক্তিপত্র আছে কিনা সে বিষয়ে জানতে চাইলে পৌরসভার এসেসর মোঃ জাহাঙ্গীর আলম বলেন ইতিপূর্বে কোন ধরনের চুক্তিপত্র সম্পন্ন করা হয়নি। সভায় উপস্থিত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব অহীন্দ্র কুমার মন্ডল বলেন, পৌরসভা কর্তৃক পরিচালিত হাটবাজরের মধ্যে যে সকল দোকান মালিকগণ এখন পর্যন্ত পৌরসভার সাথে চুক্তিপত্রের কাজ সম্পন্ন করেননি তাদেরকে চুক্তিপত্রের আওতায় আনার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন যে, পৌর মার্কেট আদর্শ উপ-আইন মালা-২০০৩ অনুযায়ী উক্ত দোকান মালিকদের চুক্তিপত্রের আওতায় আনার জন্য নোটিশ প্রদানের জন্য সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।<br><br>গ) তারুণ্য উৎসব-২০২৫ উপলক্ষ্যে আলোচনা:<br>পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার তারুণ্য উৎসব-২০২৫ উপলক্ষ্যে সেমিনার করার প্রস্তাব করলে সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | ক) টি আর কর্মসূচীর বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলি যথাযত ভাবে অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>খ) দোকান মালিকদের ১৫ দিনের সময় দিয়ে নোটিশ প্রদান করা ও পরবর্তীতে তাদের সাথে আলোচনা সাপেক্ষে দোকানের সেলামী নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হবে<br><br>গ) তারুণ্য উৎসব-২০২৫ উপলক্ষ্যে সেমিনার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৬/০২/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/ ৩১৭/১(৫)

তারিখ: ২৬/০২/২০২৫ খ্রিঃ

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUIGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। জনাব..........................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

২৬/০২/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা